

মাউশির চেয়ারম্যানসহ ৭ জনের বিরুদ্ধে মামলা

আদালত প্রতিবেদক

২০ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের মামলা



মাধ্যমিক ও উচ্চশিক্ষ (মাউশি) অধিদপ্তরের চেয়ারম্যানসহ সাতজনের বিরুদ্ধে মামলা করেছেন কেরানীগঞ্জের শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষক নাসির উদ্দিন। গতকাল মঙ্গলবার কেরানীগঞ্জ সহকারী জজ দেবী রাণী রায়ের আদালতে তিনি এ মামলা করেন। আগামী ২৬ আগস্ট মামলার গ্রহণযোগ্যতার বিষয়ে শুনানির দিন ধার্য করেছেন আদালত।

বাদীপক্ষের আইনজীবী আরিফুল ইসলাম মামলার বিষয়টি নিশ্চিত করেছেন। মামলার অপর বিবাদীরা হলেন- ওই স্কুলের সাবেক সভাপতি জাকির আহমেদ, প্রধান শিক্ষক তোফাজ্জল হোসেন ও তার স্ত্রী শিক্ষিকা রাসিদা আকতার, উপ-আঞ্চলিক শিক্ষা কর্মকর্তা, ঢাকার জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।

মামলার তথ্যমতে, ২০০৫ সালের ৩ মার্চ পত্রিকায় সমাজবিজ্ঞানের শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষাপটে বাদী নাসির উদ্দিন ১৮ মার্চ নিয়োগদানের লিখিত ও ভাইভা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে নিয়োগপ্রাপ্ত হন। ওই বছর ২০ মার্চ তিনি সহকারী শিক্ষক পদে যোগদান করেন। ২০১১ সাল পর্যন্ত তিনি চাকরি করতে থাকাবস্থায় ওই ক্ষুলের সাবেক সভাপতি জাকির আহমেদ ও প্রধান শিক্ষক তোফাজ্জল হোসেন গালিগালাজ করে ও ভূমিকি দিয়ে বাদীকে বিদ্যালয় থেকে বের করে দেন। ২০১৩ সালের ২২ মার্চ একটি পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে ১১ এপ্রিল প্রধান শিক্ষকের স্বী রাসিদা আক্তারকে ওই পদে যোগদান করান। নিয়োগ বিজ্ঞপ্তির কাগজপত্র জাল জালিয়াতি করে রাসিদাকে এমপিওভুক্ত করায়। যা সম্পূর্ণ বেআইনি ও অবৈধ। বিবাদীদের এমন কর্মকাট- বাদী ক্ষতিগ্রাস্ত হয়েছেন।